দৈনিক
ইত্তেফাক

তারিখ 28 DEC 2016
পৃষ্ঠা ২৫ কলাম ২

# শ্রীপুরে ২৭ এইচএসসি শিক্ষার্থীর ফরম পূরণে অনিশ্চয়তা

■ শ্রীপুর (গাজীপুর) সংবাদদাতা

শ্রীপুরে অধ্যক্ষের একরোখা সিদ্ধান্তের কারণে ২৭ এইচএসসি পরীক্ষার্থীর ফরম পূরণে দেখা দিয়েছে অনিশ্চয়তা। গত পাঁচদিন ধরে ভুক্তভোগী শিক্ষার্থীসহ অভিভাবকরা কলেজের প্রধান ফটকের সামনে ভিড় করলেও ব্যবস্থা গ্রহণের কোনো উদ্যোগ নিচ্ছে না কলেজ কর্তৃপক্ষ।

কলেজের ফল বিপর্যয় হতে পারে এমন আশঙ্কায় কারো কথা না শুনে অধ্যক্ষ একঘেয়েমি সিদ্ধান্ত নিয়ে বসে আছেন। মিজানুর রহমান খান মহিলা ডিগ্রী কলেজে এ ঘটনা ঘটেছে। একাদশ শ্রেণির ২৭ পরীক্ষার্থী ফরম পূরণ করতে না পারায় এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে তাদের। সোমবারও ভুক্তভোগী শিক্ষার্থী ও অভিভাবকরা তালাবদ্ধ কলেজ গেটের সামনে অবস্থান করেন।

অনিয়মিত ১৯ জন ছাত্রী এইচএসসি চূড়ান্ত পরীক্ষায় গত বছর অংশ নিয়ে এক বিষয়ে অকৃতকার্য হয়। অপরদিকে নিয়মিত আট শিক্ষার্থী নির্বাচনী পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য হওয়ায় তাদেরও ফরম পূরণ করতে দেননি অধ্যক্ষ ফকির আনোয়ার হোসেন। বিধি অনুযায়ী পাবলিক পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্যদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণে কোনো বাধ্যবাধকতা না থাকলেও অধ্যক্ষের একঘেয়েমিতে শিক্ষার্থীদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ছে।

এদিকে মিজানুর রহমান খান মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ ফকির আনোয়ার হোসেনের সঙ্গে যোগাযোগের জন্য তার ব্যক্তিগত মোবাইল ফোনে একাধিকবার চেষ্টা করেও বক্তব্য পাওয়া যায়নি।